



গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০-১০-২০২০ খ্রিষ্টাব্দে লক্ষ্মীপুর জেলাধীন সদর উপজেলার চন্দ্রগঞ্জ ইউনিয়ন এবং রায়পুর উপজেলার কেরোয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। এ প্রেক্ষিতে গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর অনুচ্ছেদ ৫ মোতাবেক আগামী ১৮-১০-২০২০ খ্রিষ্টাব্দ দিবাগত মধ্যরাত ১২.০০ ঘটিকা হতে ২১-১০-২০২০ খ্রিষ্টাব্দ দিবাগত মধ্যরাত ১২.০০ ঘটিকা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর এবং আগামী ১৯-১০-২০২০ খ্রিষ্টাব্দ দিবাগত মধ্যরাত ১২.০০ ঘটিকা হতে ২০-১০-২০২০ খ্রিষ্টাব্দ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজিবাইক (২) ট্যাক্সী ক্যাব (৩) মাইক্রোবাস (৪) জিপ (৫) পিক আপ (৬) কার (৭) বাস (৮) ট্রাক ও (৯) টেম্পো চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী সেবা যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, পর্যবেক্ষক/ সাংবাদিকদের (পরিচয়পত্রধারী) ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা শিথিলযোগ্য।

এ আদেশ লংঘনকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০/১০/২০২০

(অঞ্জন চন্দ্র পাল)

জেলা ম্যাজিস্ট্রেট

লক্ষ্মীপুর

ফোনঃ ০৩৮১-৬২৪১০

dclakshmipur@mop

a.gov.bd

স্মারক নং-০৫.৪২.৫১০০.০১৪.০৪.০০৩.২০. ৮৬৮

তারিখঃ ৩০ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ  
২২ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর/রায়পুর, লক্ষ্মীপুর।
- ৪। জেলা নির্বাচন অফিসার, লক্ষ্মীপুর।
- ৫। জেলা তথ্য অফিসার, লক্ষ্মীপুর। (তাকে জনসাধারণের অবগতির জন্য সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় মাইকযোগে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ৬। উপজেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং অফিসার, লক্ষ্মীপুর সদর/রায়পুর, লক্ষ্মীপুর।
- ৭। অফিসার ইনচার্জ, লক্ষ্মীপুর সদর/চন্দ্রগঞ্জ/রায়পুর থানা লক্ষ্মীপুর।
- ৮। অফিস কপি।

২০/১০/২০২০

জেলা ম্যাজিস্ট্রেট

লক্ষ্মীপুর